যুগান্তর

APR. 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ২ .....

# চারুকলা ইন্সটিটিউটের বার্ষিক প্রদর্শনী শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইন্সটিটিউটের বার্ষিক শিল্পকলা প্রদর্শনী গতকাল থেকে শুরু হয়েছে। সংস্কৃতি প্রতিমন্ত্রী সেলিমা রহমান প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ইন্সটিটিউটের বকুলতলায় অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী। এতে সভাপতিত্ব করেন চারুকলা ইন্সটিটিউটের পরিচালক অধ্যাপক আবদুস সাত্তার।

দশ দিনের প্রদর্শনীতে ৩৪১ জন ছাত্রছাত্রীর ৬৪৩টি চিত্রকর্ম স্থান পেয়েছে। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত প্রদর্শনী উন্মুক্ত থাকবে। এতে অংশগ্রহণকারীদের মধ্য থেকে ২০ জনকে সেরা শিল্পকর্মের জন্য পুরস্কার প্রদান করা হবে।